যুগান্তর

তারিখ 14 DEC 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৩

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ কোর্স সম্পন্ন

গাজীপুর প্রতিনিধি

রোববার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সিনেট সভাকক্ষে কলেজ শিক্ষকদের ৯৭তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ভিসি প্রফেসর হারুন-অর-রশিদ।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মো. নোমান উর রশীদ ও কোর্স উপদেষ্টা অধ্যাপক ধীমান কুমার চৌধুরী। অনুষ্ঠানে সব বিভাগীয় প্রধান এবং শিক্ষকরা উপস্থিত ছিলেন। দেশের ৮৪ জন কলেজ শিক্ষক চার সপ্তাহ ধরে এ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন।